গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mos.gov.bd

বিষয়ঃ এলডিসিভুক্ত দেশ হতে বাংলাদেশের উত্তরণ উদযাপন উপলক্ষে নৌপরিবহন সেক্টরে অর্জিত সাফল্য চলমান কার্যক্রম ও ভবিষ্যৎ পরিকল্পনা শীর্ষক সেমিনার আয়োজনের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যপত্র।

সভাপতিঃ জনাব মোঃ আবদুস সামাদ, ভারপ্রাপ্ত সচিব
সভার তারিখঃ ০৭ মার্চ ২০১৮ খ্রিঃ।
সময়ঃ সকাল ১০:০০ ঘটিকা।
স্থানঃ নৌপরিবহন মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।

সভায় নিম্নবর্ণিত কর্মকর্তাগণ নামের তালিকাঃ পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি সভাকে অবহিত করেন যে, এলডিসিভুক্ত দেশের ক্যাটাগরি হতে বাংলাদেশের উত্তরণের প্রেক্ষাপটে সারাদেশে একটি উৎসবের আমেজ বিরাজ করছে। এই উত্তরণের সম্ভাবনা কাজে লাগানোর জন্য নৌপরিবহন মন্ত্রণালয় হতে সেমিনার আয়োজনসহ বিভিন্ন কর্মসূচী পালনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উক্ত কর্মসূচীতে এ মন্ত্রণালয়ের সকল দপ্তর সংস্থাকে স্বপ্রণোদিত হয়ে অংশগ্রহণ করার জন্য সভাপতি সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করেন। এছাড়াও কর্মসূচীতে প্রত্যেক দপ্তর সংস্থার বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম, অর্জিত সাফল্য, ভবিষ্যৎ পরিকল্পনা, উদ্ভাবনীমূলক কাজকে ই-সার্ভিসের মাধ্যমে বিভিন্ন সেবা সহজিকরণ করে এবং দ্রুততার সাথে জনগণের দোরগোড়ায় সেবাকে কিভাবে পৌঁছে দেয়া যায় তা গুরুত্বের সাথে উপস্থাপনের জন্য সভাপতি সভায় বিভিন্ন দিক নির্দেশনা প্রদান করেন।

০২। সভাপতি আরও জানান যে, আগামী ২৫ মার্চ ২০১৮ তারিখ মন্ত্রণালয়ের ব্যানারে এলডিসিভুক্ত দেশ হতে বাংলাদেশের উত্তরণের প্রেক্ষাপটে নৌপরিবহন সেক্টরের সাফল্য, চলমান কার্যক্রম ও ভবিষ্যৎ পরিকল্পনা বিষয়ে একটি সেমিনারের ত য়োজন করা হবে। এ উপলক্ষ্যে আগামী ২১ থেকে ২৪ মার্চ পর্যন্ত উৎসবমুখর পরিবেশের মাধ্যমে এ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর সংস্থার উদ্যোগে ঢাকার বাইরে সেমিনার/উন্নয়নধর্মী প্রচরণামূলক ভিডিও প্রদর্শনী/অনুষ্ঠান আয়োজনের পদক্ষেপ গ্রহণের লক্ষ্যেও সভাপতি সকল দপ্তর/সংস্থা প্রধানগণের দৃষ্টি আকর্ষণ করেন। সভায় গত সভার গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন ও অগ্রগতি সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। সভায় উপস্থিত অন্যান্য কর্মকর্তাগণও আলোচনায় অংশগ্রহণ করেন। অতঃপর বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

০৩। <u>সিদ্ধান্তসমূহঃ</u>

৩.১। (ক) ২২ মার্চ ২০১৮ তারিখ আয়োজিতব্য বর্ণাঢ্য শোভাযাত্রায় মন্ত্রণালয়সহ সকল দপ্তর সংস্থার কর্মকর্তা ও কর্মচারীগণ নিজস্ব ব্যানারে বেলা ২:৩০ ঘটিকায় সোহরাওয়ার্দী উদ্যানে র‍্যালিতে উপস্থিত থাকবেন।

(খ) ঢাকার বাহিরে সকল সংস্থা র‍্যালি ও শোভাযাত্রার আয়োজন করবে এবং মেরিন একাডেমি ও এনএমআই নিজস্ব শোভাযাত্রা শেষে চট্রগ্রাম বন্দর কর্তৃপক্ষের সাথে অনুষ্ঠানে যোগদান করবেন।

৩.২। আগামী ২৫ মার্চ ২০১৮ তারিখ ঢাকায় আয়োজিতব্য সেমিনার ছাড়াও ঢাকার বাইরে ২১ থেকে ২৪ মার্চ ২০১৮ এর মধ্যে অধীনস্থ দপ্তর সংস্থাও বিভিন্ন কর্মসূচী পালন করবে। যার মধ্যে যাত্রী সেবা নিশ্চিত করা, নদী সুরক্ষা.পরিষ্কার পরিচ্ছন্নতা ইত্যাদি বিষয়ে আলোচনা এবং এ সংক্রান্ত কাজের পরিচালনা ও মনিটরিং এর জন্য কমিটি গঠন ও ই-টিকেট সিস্টেম প্রদর্শনীর ব্যবস্থা। নৌপরিবহন মন্ত্রণালয়ের নিম্নোক্ত কর্মকর্তাগণ নিম্নরূপ কর্মসূচীতে অতিথি হিসেবে অংশগ্রহণ করবেনঃ

(ক) ২১ মার্চঃ সদরঘাট, ঢাকা; অতিথি-জনাব ভোলা নাথ দে, অতিরিক্ত সচিব; আয়োজনে - বিআইডব্লিউটিএ এবং বিআইডব্লিউটিসি;

(খ) ২১ মার্চঃ বরিশাল; অতিথি-জনাব মনোজ কান্তি বড়াল, যুগ্মসচিব; আয়োজনে - বিআইডব্লিউটিএ এবং পায়রা বন্দর কর্তৃপক্ষ;

(গ) ২২ মার্চঃ চাঁদপুর; অতিথি-জনাব মোঃ আব্দুল কুদ্দুস খান, অতিরিক্ত সচিব; আয়োজনে - বিআইডব্লিউটিএ;

(ঘ) ২২ মার্চঃ মোংলা অথবা খুলনা; অতিথি- জনাব আবদুছ ছাত্তার শেখ, যুগ্মসচিব; আয়োজনে - মোংলা বন্দর কর্তৃপক্ষ;

(ঙ) ২৩ মার্চঃ বেনাপোল; অতিথি- জনাব মোহাম্মদ শাফায়েত হোসেন, যুগ্মসচিব; আয়োজনে - বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ;

(চ) ২২ অথবা ২৩ মার্চঃ চট্টগ্রাম; অতিথি-জনাব এ এস এম মামুনুর রহমান খলিলী, যগ্মসচিব; আয়োজনে - চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ।

৩.৩। আগামী ২৫ মার্চ ২০১৮ তারিখ সকাল ১০:০০ ঘটিকা হতে অর্ধদিবস ব্যাপী কৃষিবিদ ইনস্টিটিউটে একটি সেমিনারের সামগ্রিক বিষয়ে ফোকাল পারসন হিসেবে দায়িত্ব পালন করবেন জনাব মোঃ শাহাদৎ হোসেন, অতিরিক্ত সচিব (প্রশাসন), জনাব ভোলা নাথ দে, অতিরিক্ত সচিব, জনাব এ এস এম মামুনুর রহমান খলিলী, যুগ্মসচিব এবং জনাব অনল চন্দ্র দাস, যুগ্মসচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।

৩.৪। (ক) এলডিসিভুক্ত দেশ হতে বাংলাদেশের উত্তরণের এ অসামান্য সাফল্যকে উৎসব উদ্দীপনার মাধ্যমে প্রচারণার লক্ষ্যে মন্ত্রণালয়ের বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রমকে নৌপরিবহন মন্ত্রণালয় অধীনস্থ সংস্থা সমূহ ব্যানার, ফেস্টুনের মাধ্যমে প্রচারণার উদ্যোগ গ্রহণ করবেন।

(খ) সিটি করর্পোরেশনের সংশ্লিষ্ট দপ্তরের সাথে যোগযোগপূর্বক ঢাকা শহরের গুরুত্বপূর্ণ স্থান, সড়কদ্বীপ ও ওভারব্রীজ প্রচারণামূলক ব্যানার, ফেস্টুন দিয়ে উৎসব উপলক্ষ্যে সজ্জিতকরণ বিষয়ে আগামী ২১ থেকে ২৫ মার্চকে লক্ষ্য রেখে প্রচারণামূলক ব্যানার, ফেস্টুন দিয়ে মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর সজ্জিতকরণ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করবেন।

৩.৫। সেমিনার পেপার উপস্থাপনের পূর্বে ২০ মিনিটের একটি ভিডিও ক্লিপ প্রদর্শন করা হবে। উক্ত ভিডিও ক্লিপে দপ্তর সংস্থার বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম ০২ মিনিটের মধ্যে উপস্থাপন করবেন। এ বিষয়ে জনাব অনল চন্দ্র দাস, যুগ্মসচিব ও মোঃ জাহাঙ্গির আলম খান, জনসংযোগ কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৩.৬। আগামী ২৫ মার্চ ২০১৮ তারিখ অনুষ্ঠিতব্য সেমিনার স্থলে একটি ফটোগ্যালারী নির্মাণ এবং প্রত্যেকটি দপ্তর সংস্থার উন্নয়নমূলক কার্যক্রমের ছবিসমূহ উক্ত ফটোগ্যালারীতে প্রদর্শনের বিষয়ে জনাব অনল চন্দ্র দাস, যুগ্মসচিব ও মোঃ জাহাঙ্গির আলম খান, জনসংযোগ কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৩.৭। প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়া প্রচার ও এ সংশ্লিষ্ট সার্বিক যোগাযোগ করার বিষয়ে জনাব অনল চন্দ্র দাস, যুগ্মসচিব ও মোঃ জাহাঙ্গির আলম খান, জনসংযোগ কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৩.৮। আগামী ২৫ মার্চ ২০১৮ তারিখ অনুষ্ঠিতব্য সেমিনারে নিম্নবর্ণিত বিষয়গুলি নিবন্ধ আকারে উপস্থাপন করা হবেঃ

(ক) নদী পথের নাব্যতা রক্ষায় ড্রেজিং কার্যক্রম এর অর্জিত সাফল্য, ভবিষ্যৎ পরিকল্পনা এবং চ্যালেঞ্জসমূহ;
উপস্থাপকঃ চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ।

(খ) দেশের সমুদ্র বন্দর/নদী বন্দর/স্থল বন্দর ব্যবস্থাপনায় অর্জিত সাফল্য এবং চ্যালেঞ্জসমূহ;
উপস্থাপকঃ চেয়ারম্যান, চট্রগ্রাম বন্দর কর্তৃপক্ষ/মোংলা বন্দর কর্তৃপক্ষ/পায়রা বন্দর কর্তৃপক্ষ/বিআইডব্লিউটিএ/বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ।

(গ) দেশের নৌপথ ও নৌযানের সুষ্ঠু ব্যবস্থাপনার বিধি-বিধান এবং বিদেশে বাংলাদেশী নাবিকদের চাকুরির সম্ভাবনা ও চ্যালেঞ্জসমূহ;
উপস্থাপকঃ মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর।

প্রত্যেক সংস্থাপ্রধানগণ ০৫ মিনিট এবং চট্রগ্রাম বন্দর ও বিআইডব্লিটিএ-এর চেয়ারম্যান ১০ মিনিট সময়ের মধে নিবন্ধ উপস্থাপন করবেন এবং জনাব ভোলা নাথ দে, অতিরিক্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয় এ বিষয়ে সার্বিক যোগাযোগ করবেন।

৩.৯। সেমিনার উপলক্ষে অনুষ্ঠানসূচী উল্লেখপূর্বক দাওয়াত কার্ড ছাপানোএবং সেমিনারে সকল সংস্থার কর্মকর্তাস স্টেকহোল্ডারদের আমন্ত্রণ নিশ্চিত করার জন্য চবক'কে-১০০টি, মোবক'কে-৩০টি, পাবক'কে-৩০টি, বাস্থবক'কে-৩০টি



Rs.

বিআইডব্লিউটিএ'কে-২০০টি, বিআইডব্লিউটিসি'কে-১০০টি, নৌপরিবহন অধিদপ্তর'কে-১৫০টি, মেরিন একাডেমি'কে-১০টি, এনএমআই'কে-১০টি, বিএসসি'কে-৩০টি, জাতীয় নদী রক্ষা কমিশন'কে-০৫টি, নৌপরিবহন মন্ত্রণালয়-১০০টি, অন্যান্য মন্ত্রণালয়-১০০টি এবং সংসদ সদস্য ও অন্যান্য বিভিন্ন গুরুত্বপূর্ণ দপ্তরের উচ্চ পদস্থ কর্মকর্তা'কে-১০০টি সহ সর্বমোট ১০০০টি দাওয়াত কার্ড প্রদান করার বিষয়ে ব্যবস্থা গ্রহণ করবেন জনাব এ এস এম মামুনুর রহমান খলিলী, যুগ্মসচিব (প্রশাসন), নৌপরিবহন মন্ত্রণালয়।

৩.১০। প্রধান ও বিশেষ অতিথিদের সাথে যোগাযোগ ও সেমিনারের সার্বিক তত্ত্বাবধান করবেন জনাব ভোলা নাথ দে, অতিরিক্ত সচিব, জনাব এস এম তারিকুল ইসলাম, অতিরিক্ত সচিব এবং জনাব এ এস এম মামুনুর রহমান খলিলী, যুগ্মসচিব (প্রশাসন), নৌপরিবহন মন্ত্রণালয়।

৩.১১। আগামী ২৫ মার্চ ঢাকায় অনুষ্ঠিতব্য সেমিনারে আপ্যায়ন এর জন্য ১০০০ (এক হাজার) প্যাকেট দুপুরের খাবার এবং আগত অতিথিদের মধ্যে থেকে অনুষ্ঠানস্থলে ২০০ জনের আপ্যায়নের ব্যবস্থা করা। এছাড়াও অনুষ্ঠানস্থলে ০৪/০৫ টি পয়েন্টে চা, কফি ও খাবার পানি সরবরাহের ব্যবস্থা করা। চেয়ারম্যান, পায়রা বন্দর কর্তৃপক্ষ, চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ এবং চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ এবং জনাব পংকজ কুমার পাল, যুগ্মসচিব (অডিট) ও জনাব মোঃ আনোয়ারুল ইসলাম, উপসচিব, (বিআইডব্লিউটিএ) আপ্যায়নের বিষয়ে সার্বিক যোগাযোগ রাখবেন।

৩.১২। কৃষিবিদ ইনস্টিটিউশনের ভেন্যু রিজার্ভেশন, অডিটোরিয়াম ও কনভেনশন হল পোর্ট এর আদলে সজ্জিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে করবেন চেয়ারম্যান, বিআইডব্লিউটিসি এবং জনাব পংকজ কুমার পাল, যুগ্মসচিব (অডিট) ও জনাব মোঃ আনোয়ারুল ইসলাম, উপসচিব, (বিআইডব্লিউটিএ);

৩.১৩। সেমিনার আয়োজনের অর্থায়নের বিষয়টি নিশ্চিত করবেন জনাব মোঃ এনায়েত হোসেন, প্রধান (পরিকল্পনা), নৌপরিবহন মন্ত্রণালয়।

৩.১৪। ধারাভাষ্যকার নির্বাচন ও ধারাভাষ্য প্রস্তুতকরণের বিষয়ে জনাব ভোলা নাথ দে, অতিরিক্ত সচিব (আইন) এবং জনাব সঞ্জয় কুমার বণিক, যুগ্মসচিব (জাহাজ), নৌপরিবহন মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৩.১৫। অতিথিদের প্রটোকল ও সেবা সংশ্লিষ্ট বিষয়াদি নিশ্চিত করবেন জনাব সঞ্জয় কুমার বণিক, যুগ্মসচিব (জাহাজ), মোঃ আবদুস সাত্তার উপসচিব (চবক) ও জনাব নাহিদ-উল-মোস্তাক, সিনিয়র সহকারী সচিব (প্রশা-৩), নৌপরিবহন মন্ত্রণালয়।

৩.১৬। মুক্ত আলোচনায় মডারেটর হিসাবে থাকবেন জনাব মোঃ আবদুস সামাদ, ভারপ্রাপ্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।

৩.১৭। সেমিনারে আগত সকলকে একটি চটের ব্যাগ, কলম প্যাড ও ব্রশিউর প্রদান করা এবং সকল সংস্থা ২০ মার্চ ২০১৮ তারিখের মধ্যে তাদের ব্রশিউর মন্ত্রণালয়ে জমা প্রদান করবেন।

৪। নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ তাদের বাজেট হতে এলডিসিভুক্ত দেশ হতে বাংলাদেশের উত্তরণ উদযাপন উপলক্ষে নৌপরিবহন সেক্টরে অর্জিত সাফল্য চলমান কার্যক্রম ও ভবিষ্যৎ পরিকল্পনা শীর্ষক সেমিনার আয়োজনের নির্ধারিত কর্মসূচী পালনে ব্যয় করতে পারবে।

৫। পরিশেষে আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সংশ্লিষ্ট সকলকে এ উৎসব আয়োজনে স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণের আহবান জানিয়ে এবং আয়োজিতব্য কর্মসূচীর সাফল্য কামনা করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/
১৫-০৩-২০১৮
(মোঃ আবদুস সামাদ)
ভারপ্রাপ্ত সচিব
নৌপরিবহন মন্ত্রণালয়

E:\My Document\Notice.doc

সংখ্যা ঃ-১৮.০০.০০০০.০১৬.২৫.০০৩.২০১৫(অংশ-১)- ৩৫৮ তারিখ ঃ ১৮-০৩-২০১৮

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

১। চেয়ারম্যান, চবক/পাবক/মোবক/বাস্থবক/বিআইডব্লিটিসি/বিআইডব্লিউটিএ/জাতীয় নদী রক্ষা কমিশন।
২। অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ণ/বাণিজ্যিক/আইন),নৌপরিবহন মন্ত্রণালয়।
৩। প্রধান, পরিকল্পনা, নৌপরিবহন মন্ত্রণালয়।
৪। মহাপরিচালক, নৌপরিবন অধিদপ্তর, মতিঝিল, বা/এ, ঢাকা।
৫। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।
৬। যুগ্নসচিব (বাস্থবক ও মবক/চবক ও প্রশাসন/টিএ/বাজেট ও পাবক/জাহাজ, উন্নয়ণ ও আইন/অডিট ও টিসি), নৌপরিবহন মন্ত্রণালয়।
৭। কম্যান্ডন্ট, মেরিন একাডেমী, জুলদিয়া, চট্টগ্রাম।
৮। প্রধান নির্বাহী কর্মকর্তা, গভীর সমুদ্র সেল, ১৪৫ বেইল রোড, ঢাকা।
৯। উপসচিব/উপপ্রধান (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়।
১০। সিনিয়র সহকারী সচিব /সিনিয়র সহকারী প্রধান/সহকারী প্রধান/সহকারী সচিব(সকল), নৌপরিবহন মন্ত্রণালয়।
১১। সিস্টেম এনালিস্ট, নৌপরিবহন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ)
১২। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, চট্টগ্রাম।
১৩। হিসাব রক্ষণ কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়।

১৮.০৩.২০১৮
(রেবেকা সুলতানা)
উপসচিব (প্রশাসন-২)
ফোন ঃ ৯৫১৫৫৫১